

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২১৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৪. দু' ওয়াক্তের সালাত একত্র করা প্রসঙ্গে

باب الْجَمْعِ بَيْنَ الصَّلَاتَيْنِ

### আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، وَابْنُ، مَوْهَبِ الْمَعْنَى قَالَا حَدَّثَنَا الْمُفَضَّلُ، عَنْ عُقَيْلٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أُنسِ بْنِ مَالِك، قَالَ: كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا ارْتَحَلَ قَبْلَ أَنْ تَزِيغَ الشَّمْسُ أَخَّرَ الظُّهْرَ إِلَى وَقْتِ الْعَصْرِ، ثُمَّ نَزَلَ فَجَمَعَ بَيْنَهُمَا، فَإِنْ زَاغَتِ الشَّمْسُ قَبْلَ أَنْ يَرْتَحِلَ صَلَى الله عليه وسلم.

\_ صحیح: ق

قَالَ أَبُو دَاؤُدَ كَانَ مُفَضَّلٌ قَاضِيَ مِصْرَ وَكَانَ مُجَابَ الدَّعْوَةِ وَهُوَ ابْنُ فَضَالَةَ

#### বাংলা

১২১৮। আনাস ইবনু মালিক (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য ঢলার পূর্বে রওয়ানা হলে যুহর সালাতকে 'আসর পর্যন্ত বিলম্ব করতেন, অতঃপর বাহন থেকে নেমে উভয় সালাতকে একত্রে আদায় করতেন। অবশ্য তাঁর রওয়ানা হবার পূর্বে সূর্য ঢলে গেলে তিনি যুহর সালাত আদায় করার পর সওয়ার হতেন।[1]

সহীহ: বুখারী ও মুসলিম।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, মুফাদ্দাল (রহঃ) মিসরের বিচারপতি ছিলেন এবং তাঁর দু'আ কবুল হতো। আর তিনি ছিলেন ফাদালাহ (রাঃ) এর পুত্র।

## **English**



### Narrated Anas b. Malik:

When the Messenger of Allah () proceeded before the sun had declined, he delayed the noon prayer till the time of the afternoon prayer, he would then alight and combine the two prayers. If the sun declined before he moved off, he would offer the noon prayer and rode (the beast) - may peace be upon him.

Abu Dawud said: The narrator Mufaddal was the judge of Egypt. His supplication was accepted by Allah; he was the son of Fudalah.

### ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সালাত কাসর করা, অনুঃ সূর্য ঢলে পড়ার পর সফর আরম্ভ করলে যুহরের সালাত আদায় শেষে সওয়ারীতে আরোহন করা, হাঃ ১১১২), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত ও কাসর, অনুঃ সফরে দুই সালাতকে একত্র করা জায়িয) সকলে কুতাইবাহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন